

মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯ : ৩

আরবি মূল আয়াত:

إِذْ نَادَى رَبَّهُ نِدَاءً خَفِيًّا ﴿٣﴾

অনুবাদসমূহ:

যখন সে তার রবকে গোপনে ডেকেছিল। — আল-বায়ান

যখন সে তার প্রতিপালককে আহ্বান করেছিল- এক গোপন আহ্বানে। — তাইসিরুল

যখন সে তার রাব্বকে আহ্বান করেছিল নিভূতে। — মুজিবুর রহমান

When he called to his Lord a private supplication. — Sahih International

৩. যখন তিনি তার রবকে ডেকেছিলেন নিভূতে,(১)

(১) এতে জানা গেল যে, দোআ অনুচ্চস্বরে ও গোপনে করাই উত্তম। কাতাদা বলেন, নিশ্চয় আল্লাহ পবিত্র মন জানেন এবং গোপন শব্দ শুনে। [তাবারী] তিনি যে দোআ করেছিলেন তা-ই পরবর্তী আয়াতে বর্ণিত হচ্ছে। [আত-তাফসীরুস সহীহ]

তাফসীরে জাকারিয়া

(৩) যখন সে তার প্রতিপালককে আহ্বান করেছিল গোপনে। [1]

[1] গোপনে আহ্বান বা দু'আ এই জন্যই করেছিলেন যে, প্রথমতঃ এইভাবে দু'আ আল্লাহর নিকট বেশী পছন্দনীয়। কারণ এর মধ্যে কাকুতি-মিনতি বেশী প্রকাশ পায়। দ্বিতীয়তঃ লোকে যাতে তাকে বোকা না ভাবে যে, এই বৃদ্ধ বয়সে সন্তান চাচ্ছে; যখন সন্তান হওয়ার সকল প্রকার বাহ্যিক সম্ভাবনা শেষ হয়ে গেছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2253>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন